“শিক্ষকদের অধিকার আদায়ে তৎপর রয়েছে জামায়াত”

রাজশাহী দুর্গাপুরে শিক্ষকদের সাথে রাজশাহী-০৫ (পুঠিয়া- দুর্গাপুর) আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি নুরুজ্জামান লিটনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এতে উপজেলার ৩টি কলেজ ও ১টি টেকনিক্যাল কলেজের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) দুর্গাপুর ডিগ্রি কলেজ, কাঁঠালবাড়িয়া শহীদ আবুল কাশেম স্কুল এন্ড কলেজ, ঝালুকা ডিগ্রী কলেজ ও পলাশবাড়ী বিএম টেকনিক্যাল কলেজের শিক্ষকদের সাথে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় দুর্গাপুর ডিগ্রী কলেজ উপস্থিত ছিলেন অধ্যক্ষ আব্দুল আজিজ, অধ্যাপক জিয়াউল হক রতন, অধ্যাপক ফজলুল বারী সোহরাব, অধ্যাপক মফিজ উদ্দিন, সহকারী অধ্যাপক আনোয়ার হোসেন, প্রভাষক আলমগীর হোসেন।
কাঁঠালবাড়িয়া শহীদ আবুল কাশেম স্কুল এন্ড কলেজে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ নজরুল ইসলাম, অধ্যাপক ড. সেলিম রেজা খাঁন, অধ্যাপক আব্দুল ওয়াদুদ, অধ্যাপক মাসুম কবির, সহকারী প্রধান শিক্ষক আহমদ আলী ভুলন, সরকারি শিক্ষক আতাউর রহমান।
ঝালুকা কলেজে উপস্থিত ছিলেন অধ্যক্ষ ফয়জুল ইসলাম, অধ্যাপক মুক্তার আলী, অধ্যাপক ওয়ারেস আলী, অধ্যাপক রফিকুল ইসলাম। পলাশবাড়ী বিএম টেকনিক্যাল কলেজে উপস্থিত ছিলেন অধ্যক্ষ মাইনুল ইসলাম, অধ্যাপক মাসুদ রানা সহ শিক্ষক কর্মচারীবৃন্দ।
এসময় জামায়াত প্রার্থী নুরুজ্জামান লিটন বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী একটি কল্যাণ ধর্মী ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠার চেষ্টা করে যাচ্ছে। এক্ষেত্রে শিক্ষক সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে তিনি আরো বলেন, আপনাদের হাত দিয়েই দক্ষ, দেশপ্রেমিক ও রাষ্ট্র পরিচালনার যোগ্যতা সম্পন্ন নেতৃত্ব গড়ে ওঠে। আপনারা শিক্ষার্থীদেরকে নৈতিক শিক্ষায় বলিয়ান করবেন এটাই জাতির প্রত্যাশা। আগামীতে জামায়াত রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে শিক্ষক সমাজের দীর্ঘদিনের দাবী দাওয়া পূরণের সর্বাত্মক চেষ্টা করবে ইনশাআল্লাহ।

জিএম কিবরিয়া